অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চলমান উপকূলীয় ঝড়ের কারণে জরুরি অবস্থা ঘোষণা করলেন

ব্রঙ্কস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, কুইন্স, রিচমন্ড, সাফোক, এবং ওয়েস্টচেস্টার কাউন্টিগুলিতে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে

লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং সাউদার্ন ওয়েস্টচেস্টার কাউন্টিতে রবিবার, দুপুর 12টা থেকে শুরু করে সোমবার, রাত 8টা পর্যন্ত কোস্টাল ফ্লাড ওয়ার্নিং জারি করা হয়েছে; লং আইল্যান্ড এবং জ্যামাইকা বে-এর দক্ষিণ উপকূলে মাঝারি থেকে বড় উপকূলীয় বন্যা সম্ভব

ইস্টার্ন সাফোক কাউন্টিতে রবিবার দুপুর 12টা থেকে শুরু করে সোমবার সন্ধ্যা 6টা পর্যন্ত হাই উইন্ড ওয়ার্নিং কার্যকর থাকবে; লং আইল্যান্ডের বাকি অংশ, নিউ ইয়র্ক সিটি এবং সাউদার্ন ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য উইন্ড অ্যাডভাইজরি কার্যকর থাকবে; রবিবার দুপুর 3টা থেকে শুরু করে MTA তাদের সাতটি ব্রিজে খালি ট্র্যাক্টর-ট্রেইলার এবং ট্যান্ডেম ট্রাকের উপর নিষেধাজ্ঞা বাস্তবায়ন করবে

ডাউনস্টেটে 1.5-3 ইঞ্চি পর্যন্ত বৃষ্টি হতে পারে

ইউটিলিটিগুলি মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলে 1,600-এর বেশি কর্মী যোগ করবে; পুরো স্টেটে এখন 7,100 কর্মী আছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কবাসীকে প্রস্তুত হতে থাকার তাগিদ দেওয়ার পর সাউদার্ন নিউ ইয়র্কের (New York) আটটি কাউন্টিতে জরুরি অবস্থা ঘোষণা করেছেন কারণ রবিবার বিকাল থেকে শুরু করে একটি শক্তিশালী উপকূলীয় ঝড় নিউ ইয়র্কের অনেক অংশকে প্রভাবিত করবে। জরুরি অবস্থার মধ্যে ব্রঙ্কস (Bronx), কিংস (Kings), নাসাউ (Nassau), নিউ ইয়র্ক (New York), কুইন্স (Queens), রিচমন্ড (Richmond), সাফোক (Suffolk) এবং ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টি এবং এই আটটির আশেপাশের কাউন্টি থাকবে। নিউ ইয়র্ক স্টেট ঝড়ের প্রস্তুতির জন্য নিউ ইয়র্ক সিটিসহ সকল কাউন্টি এবং সিটি পার্টনারদের সাথে কাছ থেকে সমন্বয় করে কাজ করছে। ঝড়টির শক্তি বেড়েছে এবং এটি মধ্য-আটলান্টিক (Atlantic) উপকূল থেকে সাউদার্ন নিউ ইংল্যান্ডের (New England) দিকে যাচ্ছে এবং এটি পুরো ডাউনস্টেট নিউ ইয়র্কে মাঝারি থেকে বড় ব্যাপক বিস্তৃত উপকূলীয় বন্যার কারণ হবে, এবং সেই সাথে অঞ্চলে তীব্র বাতাস এবং লম্বা সময়ের জন্য বৃষ্টি নিয়ে আসবে বলে আশঙ্কা করা

হচ্ছে। সাড়াদান হিসেবে, ইউটিলিটিগুলি মিড-হাডসন (Mid-Hudson), নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড (Long Island) অঞ্চলে ঝড়ের সাড়াদান অপারেশনে 1,600-এর বেশি কর্মী যোগ করেছে।

"Nor'easter নিউ ইয়র্কের মধ্যে দিয়ে যাচ্ছে, তাই আমি ঝড়ে সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত বরো এবং কাউন্টিতে জরুরি অবস্থা ঘোষণা করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং ঝড় স্টেট পার হয়ে যাওয়ার আগ পর্যন্ত আমি তীব্র সতর্কতা বজায় রাখতে তাগিদ দিয়ে চলেছি।"

গভর্নর Hochul (হোকল) এই সপ্তাহের শুরুতে নিউ ইয়র্কবাসীকে এই ঝড় এবং তার প্রভাব সম্পর্কে সতর্ক করতে শুরু করেন এবং তিনি তাদের স্থানীয় পূর্বাভাসে নজর রাখতে, নিজেদের গৃহস্থালিকে সে অনুযায়ী প্রস্তুত করতে এবং এই উইকেন্ডে ক্ষতিগ্রস্ত এলাকায় ভ্রমণ না করার জন্য নিউ ইয়র্কবাসীদের তাগিদ দিয়ে চলেছেন।
নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Department of Public Service) কর্মীরা এই উইকেন্ডের Nor'easter ইভেন্ট দিয়ে প্রভাবিত হবে বলে আশঙ্কা করা পূর্বাভাসকৃত এলাকায় সার্ভিস টেরিটরি থাকা ইলেকট্রিক ইউটিলিটিগুলির সাথে যোগাযোগ করেছেন। Con Edison (ConEd), Orange and Rockland, Public Service Enterprise Group Long Island (PSEG LI), Central Hudson Gas and Electric, এবং New York State Electric & Gas Corp (NYSEG) সকলেই সক্রিয়ভাবে পূর্বাভাসের উপর নজর রাখছে এবং তাদের যার যার সার্ভিস টেরিটরিতে সম্ভাব্য প্রভাবের জন্য প্রস্তুত হচ্ছে।

ইউটিলিটির প্রস্তুতির মধ্যে আছে আরো 1,618 জন কর্মীকে যোগ করা, নিজ নিজ ইন্সিডেন্ট কমান্ডকে (Incident Command) সক্রিয় করা, সরঞ্জাম যথাস্থানে রাখা, সবথেকে বেশি প্রভাবিত হবে এমন এলাকার লাইফ সাপোর্ট ইক্যুপমেন্টের (Life Support Equipment, LSE) কাস্টোমারদের এবং অতি গুরুত্বপূর্ণ ফ্যাসিলিটির কাস্টোমারদের ফোন করা, এবং একই সাথে মিউনিসিপ্যাল অফিসিয়াল ফোন করা। ইউটিলিটির কর্মীরা সারা রাত কাজ করার জন্য প্রস্তুত আছেন যাতে যখন নিরাপদ তখন সাড়াদান করা যায়। সকল ইউটিলিটি পূর্বাভাসের উপর নজর রাখতে থাকবে এবং বিদ্যমান জরুরি পরিকল্পনা অনুযায়ী রিসোর্স অ্যাডজাস্ট করতে থাকবে।

পুরো স্টেটে ক্ষয়ক্ষতি যাচাই, সাড়াদান, মেরামত এবং পুনঃস্থাপন চেষ্টায় প্রয়োজনমত কাজ করার জন্য ইউটিলিটিগুলি পুরো স্টেটে আনুমানিক 7,118 জন কর্মীকে তৈরি রেখেছে। এর মধ্যে আছে শুক্রবার থেকে 1,600-এর বেশি কর্মী যোগ করা, যার মধ্যে ConEd এবং Orange and Rockland 900 কর্মী যোগ করেছে, PSEG LI 520 জন কর্মী যোগ করছে, এবং NYSEG 198 জন কর্মী যোগ করছে এবং Central Hudson 44 জন কর্মী যোগ করছে। ডিপার্টমেন্টের কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি ডিপার্টমেন্টের পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

উপকূলীয় বন্যার ঝুঁকি বেড়েছে যেহেতু ঝড় উপকূলে চলে এসেছে এবং ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) এখন লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং সাউদার্ন ওয়েস্টচেস্টার কাউন্টিতে রবিবার দুপুর 12টা থেকে শুরু করে সোমবার রাত 8টা পর্যন্ত কোস্টাল

ফ্লাড ওয়ার্নিং (Coastal Flood Warnings) কার্যকর করছে। পূর্বাভাস বলছে যে সোমবার পর্যন্ত জোয়ারের সময়ে নাসাউয়ের দক্ষিণ উপকূলের উপসাগর এবং সাউথওয়েস্টার্ন সাফোক কাউন্টিতে ব্যাপক বিস্তৃত মাঝারি থেকে বড় উপকূলীয় বন্যা হতে পারে। কোস্টলাইনের বাকি অংশের জন্য ব্যাপক বিস্তৃত ছোট থেকে মাঝারি উপকূলীয় বন্যার ঝুঁকি থাকছে, এবং আটলান্টিক মহাসাগরের সৈকতগুলিতে বালিয়াড়ির ক্ষয় এবং স্থানীয়ভাবে ওভারওয়াশের ব্যাপক বিস্তৃত সম্ভাবনা আছে।

এছাড়াও ঝড়ের পুরো সময় তীব্র বাতাস একটি বড় বিপদ হবে বলে আশঙ্কা করা যাচ্ছে। ন্যাশনাল ওয়েদার সার্ভিস সাফোক কাউন্টির বেশির ভাগের জন্য রবিবার দুপুর 12টা থেকে শুরু করে সোমবার সন্ধ্যা 6টা পর্যন্ত একটি হাই উইন্ড ওয়ার্নিং (High Wind Warning) জারি করেছে, এবং লং আইল্যান্ডের বাকি অংশ, নিউ ওয়ার্ক সিটি এবং সাউদার্ন ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য একটি উইন্ড অ্যাডভাইজরি (Wind Advisory) কার্যকর থাকবে। এই সময়ের মধ্যে প্রতি ঘণ্টায় 60 মাইল পর্যন্ত গতির ঝড়ো বাতাস থাকতে পারে এবং এর ফলে গাছ ভেঙ্গে পড়তে এবং কারেন্ট চলে যেতে পারে। পূর্বাভাস করা তীব্র বাতাসের পরিস্থিতির কারণে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) ব্রিজেস অ্যান্ড টানেলস (Bridges and Tunnels) রবিবার দুপুর 3:00টা থেকে শুরু করে তাদের সাতটি ব্রিজে খালি ট্র্যাক্টর-ট্রেইলার এবং ট্যান্ডেম (পিগিব্যাক, ডুয়াল, ট্রিপল, ইত্যাদি) ট্রাকের উপর একটি নিষেধাজ্ঞা বাস্তবায়ন করবে। বর্তমান পূর্বাভাস এবং এই আবহাওয়ার ইভেন্টের সামগ্রিক সময়ের উপর ভিত্তি করে, অনুমান করা হচ্ছে যে 16 ফেব্রুয়ারি, রবিবার, সন্ধ্যা 6:00টা পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

পূর্বাভাসকারীরা এই ঝড়ের অংশ হিসেবে লম্বা সময় ধরে বৃষ্টি হওয়ার কথাও বলেছেন, যা সবথেকে বেশি হবে ডাউনস্টেটে যেখানে লোয়ার মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলে 1.5 থেকে 3 ইঞ্চি পর্যন্ত বৃষ্টি হতে পারে এবং ড্রেনেজ ভালো না হওয়ার কারণে সামান্য বন্যাও হতে পারে। নর্দান মিড-হাডসন এবং সাউর্দান ক্যাপিটাল রিজিয়নে (Capital Regions) এক থেকে 1.5 ইঞ্চি পর্যন্ত বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাস আছে, এবং স্টেটের বাকি অংশে এক ইঞ্চি বা তার কম বৃষ্টি হবে। বৃষ্টির কারণে রবিবার থেকে সোমবার পর্যন্ত যেসব আর্বান এলাকার ড্রেনেজ ভালো না সেখানে বন্যা হতে পারে।

নিউ ইয়র্কবাসীদেরকে তাদের স্থানীয় পূর্বাভাস, ওয়েদার ওয়াচ এবং ওয়ার্নিংয়ের দিকে নজর রাখার জন্য উৎসাহিত করা হচ্ছে। তাদের মোবাইল ফোনে সরকারি জরুরি সতর্কতা সক্রিয় রাখা আছে তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কবাসী এছাড়াও তাদের কাউন্টি বা বরোর নাম 333111 নম্বরে টেক্সট করে রিয়েল-টাইমে আবহাওয়া ও জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন আপ করতে পারেন, যা তাদের ফোনে টেক্সট হিসেবে পাঠানো হবে। আবহাওয়ার সতর্কতার একটি সম্পূর্ণ তালিকা দেখার জন্য alerts.weather.gov-এ ন্যাশনাল ওয়েদার সার্ভিসের (National Weather Service) ওয়েবসাইটি ভিজিট করুন।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

কারেন্ট না থাকা

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে যাচাই করুন।

- বিদ্যুৎ সংযোগ চলে গেলে, পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি জ্বালিয়ে রাখুন।
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

কারেন্ট চলে গেলে রিপোর্ট করার জন্য যেখানে ফোন করবেন:

- সেন্ট্রাল হাডসন: 800-527-2714
- কন এডিসন: 800-752-6633
- ন্যাশনাল গ্রিড: 800-867-5222
- NYSEG: 800-572-1131
- O&R: 877-434-4100
- PSEG-LI: 800-490-0075
- RG&E: 800-743-1701

বন্যায় নিরাপত্তা

- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। তালিকাটি একটি নিরাপদ স্থানে রাখুন এবং ছবি এবং ভিডিও ডকুমেন্টেশন রাখার কথা ভাবুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানি রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি সম্ভাব্য বন্যা সীমার কত উপরে এবং কত নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার সীমা যখন সম্প্রচার করা হবে, তখন আপনি বন্যাকবলিত হবেন কিনা তা নির্ধারণ করতে পারবেন।
- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি পানিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।
- আপনার বীমার কভারেজ চেক করুন। বাড়ি মালিকানা সংক্রান্ত বীমা পলিসিতে সাধারণত বন্যার ক্ষয়ক্ষতি অন্তর্গত হয় না। শুধু বন্যা বীমাই আপনার বাড়িকে বন্যার ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষা দিবে। আপনি মানচিত্র অনুযায়ী বন্যা এলাকায় না থাকলেও বন্যা বীমা ক্রয় করতে পারবেন।

আবহাওয়া পরিভাষার একটি পূর্ণাঙ্গ তালিকা এবং বন্যার পূর্বে, চলাকালীন ও তার পরবর্তী সময়ে প্রস্তুতি সংক্রান্ত ধারণার জন্য, https://www.dhses.ny.gov/flood হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)-এর ওয়েবসাইটটি পরিদর্শন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন